

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৯১.২৩.৩৫৯

তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.


প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক ২.৩ নং কার্যক্রমের আওতায় “তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ” বিষয়ক কর্মশালা ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. রবিবার ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. নজরুল ইসলাম, যুগ্মসচিব সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। কর্মশালাটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ।

প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, বর্তমান অবাধ তথ্য প্রবাহের যুগে প্রতিটি নাগরিকের জন্য তথ্য অধিকার আইন ও এর বিধির আওতায় প্রতিটি নাগরিকের জন্য তথ্য সেবা প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে তৃণমূলসহ সর্বস্তরে জনসচেতনতা বৃদ্ধিতে গণমাধ্যমকর্মীদের এগিয়ে আসার আহ্বান জানান।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক তথ্য প্রাপ্তির প্রক্রিয়া ও তথ্য অধিকার আইন ব্যবহারের সুফল সম্পর্কে কর্মশালায় বক্তব্য প্রদান করেন।

অন্যান্যের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ কে এম আজিজুল হক, কর্মশালার পরিচালক মো. আবুজার গাফফারী এবং সমন্বয়ক কাজী ওমর খৈয়াম কর্মশালায় উপস্থিত ছিলেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর ও জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তাসহ মোট ৪৫ জন প্রশিক্ষণার্থী কর্মশালায় অংশগ্রহণ করেন।



আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিও/অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।